



## কুয়েট খুলবে কাল মিছিল-মিটিং বন্ধ

প্রকাশিত: ১৬ - নভেম্বর, ২০১৯ ১২:০০ এ. এম.

স্টাফ রিপোর্টার, খুলনা অফিস || খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) ১৫ দিন বন্দের পর আগামীকাল রবিবার একাডেমিক কার্যক্রম শুরু হবে। বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার পাশাপাশি ক্যাম্পাসে সংঘর্ষ এড়াতে সব ধরনের সভা-সমাবেশ ও মিছিল-মিটিং সাময়িকভাবে স্থগিত ঘোষণা করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

কুয়েটের আন্তঃফুটবল প্রতিযোগিতাকে কেন্দ্র করে গত ১ নবেম্বর ভাত্তুর, ছাত্রদের মধ্যে ব্যাপক উত্তেজনা ছড়িয়ে পড়ার প্রেক্ষিতে ২ নবেম্বর বিকেল ৫টার মধ্যে ছাত্রদের এবং পরদিন সকাল ১০টার মধ্যে ছাত্রীদের হল ত্যাগের নির্দেশ দেয় বিশ্ববিদ্যালয় প্রশাসন। বৃহস্পতিবার কুয়েটের রেজিস্ট্রার জি এম শহিদুল আলম স্বাক্ষরিত এক চিঠিতে বলা হয়। ৬৬তম জরুরী সিভিকেট সভার এ সিদ্ধান্ত অনুযায়ী রবিবার থেকে পোষ্টগ্র্যাজুয়েটের শিক্ষা কার্যক্রম ও ২৪ নবেম্বর থেকে স্নাতক পর্যায়ের শিক্ষা কার্যক্রম পুনরায় শুরু হবে। এজন্য ২২ নবেম্বর সব আবাসিক হল খুলে দেয়া হবে। হলে প্রবেশের সময় সব কক্ষ তল্লাশি করবে হল কর্তৃপক্ষ। এজন্য সব শিক্ষার্থীকে হলে প্রবেশের সময় পরিচয়পত্র সঙ্গে রাখার কথা বলা হয়েছে ওই চিঠিতে। একইসঙ্গে সব ধরনের সভা-সমাবেশ ও মিছিল-মিটিং সাময়িকভাবে স্থগিত ঘোষণা করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কত্তক গ্লোব জনকঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকঠ ভবন, ২৪/ এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইক্সটন, জিপিও বাক্স: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৮৭৭৮০-৯৯ (অটোহাস্টিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: [janakanthanews@gmail.com](mailto:janakanthanews@gmail.com) ওয়েবসাইট: [www.dailyjanakantha.com](http://www.dailyjanakantha.com) এবং [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com) || Copyright ® All rights reserved by [dailyjanakantha.com](http://www.dailyjanakantha.com)